# গাজী মেডিকেল কলেজ

এ ১৯-২১, মজিদ স্মরনী, সোনাডাঙ্গা, খুলনা।

## ৩৭ তম গভর্নিং বডির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব ডাঃ গাজী মিজানুর রহমান |
| সদস্য সচিব | ঃ জনাব অধ্যাপক ডাঃ হরিদাস বিশ্বাস |
| ভেন্যু | ঃ কনফারেন্স রুম, গাজী মেডিকেল কলেজ হাসপাতাল, সোনাডাঙ্গা, খুলনা |
| তারিখ | ঃ ২৯ জুলাই ২০১৯, বেলা ১.০০ টা |

অদ্যকার সভায় সভাপতিত্ব করেন গাজী মেডিকেল কলেজের সম্মানিত চেয়ারম্যান এবং গভর্নিং বডির সভাপতি জনাব ডাঃ গাজী মিজানুর রহমান। আরো উপস্থিত ছিলেন রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মহোদয় কর্তৃক অনুমোদিত গভর্নিং বডির স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নতুন প্রতিনিধি জনাব মোহাম্মদ মনিরুজ্জামান বকাউল, উপসচিব (চিকিৎসা শিক্ষা-১) এবং স্বাস্থ্য অধিদপ্তরের চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন এর পরিচালক মহোদয়ের পক্ষে প্রেরিত প্রতিনিধি জনাব ডাঃ শেখ মোঃ মনজুর রহমান, উপ-পরিচালক (চিকিৎসা শিক্ষা)। নতুন অতিথিবৃন্দকে ফুল দিয়ে শুভেচ্ছা জানিয়ে সভার সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন।

**সভার আলোচ্যসূচী ও গৃহীত সিদ্ধান্তসমূহ ঃ**

১। প্রথমেই গভর্নিং বডির পূর্ববর্তী সভার রেজুলেশন পাঠ করেন গভর্নিং বডির সদস্য সচিব ও গাজী মেডিকেল কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডাঃ হরিদাস বিশ্বাস।

- পূর্ববর্তী সভার রেজুলেশন এর আলোচ্য সূচীর-৩ -এ উল্লেখিত রাজশাহী বিশ্ববিদ্যালয় ও রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় সংক্রান্ত জটিলতা সর্ম্পকিত পর্যালোচনায় অত্র কলেজের উপাধ্যক্ষ মহোদয় উপস্থিত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধিসহ সকলকে অবহিত করেন যে, উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে সমন্বয়হীনতার কারনে অদ্যাবধি আর্থিক ও প্রশাসনিক জটিলতাসহ কিছু বিষয়ে কোন সমাধান হয়নি। তিনি এ বিষয়ে মন্ত্রণালয় ও স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধিগণকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধ জানান।
- এমবিবিএস কোর্সের পুরাতন কারিকুলামের ছাত্র-ছাত্রী যারা ইতিমধ্যে ১ম ও ২য় বৃত্তিমূলক পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে কিন্তু শেষ বৃত্তিমূলক পরীক্ষায় অংশগ্রহন করেনি কিংবা পরীক্ষায় অকৃতকার্য হয়েছে তাদের উক্ত পরীক্ষা এমবিবিএস কোর্সের নতুন কারিকুলামের আলোকে মে ও নভেম্বর মাসে নিয়মিত ছাত্র-ছাত্রীদের সাথে গ্রহনের বিষয়ে আলোচনায় মন্ত্রণালয় ও স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধিগণ এ বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রণালয় বরাবর সমস্যা ও সুপারিশ লিখিত আকারে প্রেরণের সুপারিশ করেন যা তারা বিএমডিসি এর সহযোগিতায় সমাধান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- পূর্ববর্তী সভার রেজুলেশন এর আলোচ্য সূচীর-৪ -এ উল্লেখিত Peer College Coordination বৃদ্ধি সংক্রান্ত পর্যালোচনায় স্বাস্থ্য অধিপ্তরের প্রতিনিধি সকলকে অবহিত করেন যে, তিনি এ বিষয়ে চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন এর পরিচালক মহোদয়ের সাথে এবং সেন্টার ফর মেডিকেল এডুকেশন (সিএমই) এর পরিচালক মহোদয়ের সাথে আলোচনা সাপেক্ষে Coordination বৃদ্ধির জন্য ব্যবস্থা গ্রহণ করবেন।
- পূর্ববর্তী সভার রেজুলেশন এর আলোচ্য সূচীর-৫:ক-এ উল্লেখিত বিদেশী ছাত্র-ছাত্রীদের ভর্তির নির্ধারিত সময়সীমা শেষে বিদেশী কোটায় আসন ফাঁকা থাকলে উক্ত আসনে দেশী ছাত্র-ছাত্রী ভর্তি সংক্রান্ত আলোচনায় সভাপতি মাহোদয় সকলকে

অবহিত করেন যে, বিদেশী কোটায় আসন ফাঁকা থাকলে উক্ত আসনে দেশী ছাত্র-ছাত্রী ভর্তির নিয়ম থাকলেও সাধারণত দেশী ছাত্র-ছাত্রীদের ভর্তির সময়সীমা আগে শেষ হয় বিধায় বিদেশী কোটায় আসন ফাঁকা থাকা স্বত্বেও উক্ত আসনে দেশী ছাত্র-ছাত্রী ভর্তি করা সম্ভব হয় না। তিনি বিদেশী কোটায় ছাত্র-ছাত্রী ভর্তির নির্ধারিত সময়সীমা শেষে সংশ্লিষ্ট কলেজ/ কলেজসমূহ হতে বিদেশী কোটায় ছাত্র-ছাত্রী ভর্তি সংক্রান্ত তথ্য প্রাপ্তি সাপেক্ষে উক্ত কোটায় আসন ফাঁকা থাকলে ঐ আসনে দেশী ছাত্র-ছাত্রী ভর্তির জন্য অতিরিক্ত সময় প্রদানের জন্য মন্ত্রণালয় ও স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধিগণের কাছে সুপারিশ করেন।

উপরোক্ত সুপারিশ ছাড়া আর কোন সংশোধনী না থাকায় উপস্থিত সকলের সম্মতিক্রমে পূর্ববর্তী সভার (৩৬ তম) রেজুলেশন অনুমোদন করা হয়।

**২। ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের/ সালের বাজেট সম্পর্কিতঃ**

অদ্যকার সভায় সদস্য সচিব মহোদয় অত্র কলেজের ২০১৯-২০২০ সালের বাজেট উপস্থাপন করেন। বর্তমানে কলেজের আয়ের থেকে ব্যয় বেশি হওয়ার বাজেট-এ ঘাটতি পড়ার সম্ভাবনা রয়েছে। সভায় বলা হয় ধীরে ধীরে কলেজের আয় থেকে এই ঘাটতি পূরণ করা হবে। পরবর্তীতে অদ্যকার সভায় উপস্থিত সকলের সম্মতিক্রমে এই বাজেট অনুমোদন করা হয়।

**৩। শিক্ষক-শিক্ষিকাবৃন্দের পদোন্নতি ও নিয়োগ নিয়মিতকরন এবং এ্যাডহকভিত্তিতে নিয়োগ সম্পর্কিতঃ**

- অদ্যকার সভায় অত্র কলেজের শিক্ষক-শিক্ষিকাবৃন্দের পদোন্নতি ও নিয়োগ নিয়মিতকরন এবং এ্যাডহকভিত্তিতে নিয়োগ সম্পর্কিত আলোচনায় সদস্য সচিব মহোদয় সকলকে অবহিত করেন যে, গত ১২/০৫/২০১৯ ইং তারিখে গাজী মেডিকেল কলেজের চেয়ারম্যান ডাঃ গাজী মিজানুর রহমান এর সভাপতিত্বে কলেজের নিয়োগ বোর্ডের সর্বশেষ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত ছিলেন রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য মহোদয়ের মনোনীত প্রতিনিধি জনাব অধ্যাপক ডাঃ মোঃ আব্দুল আহাদ, অধ্যক্ষ, খুলনা মেডিকেল কলেজ, খুলনা এবং জনাব অধ্যাপক ডাঃ এস.এম. মুসতানজীদ, অধ্যক্ষ, কুষ্টিয়া মেডিকেল কলেজ, কুষ্টিয়া। সভায় আবেদনকারী শিক্ষকদের সাক্ষাৎকার গ্রহন, প্রয়োজনীয় কাগজ-পত্রের যাচাই-বাছাই এবং পিএসসি, বিএমএন্ডডিসি ও রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুসারে মোট ৩৭ জনকে বিভিন্ন পদে পদোন্নতি, নিয়োগ নিয়মিতকরন ও নিয়োগ প্রদান করা হয়। যার মধ্যে-

| পদের নাম | সংখ্যা | পদের নাম | সংখ্যা |
|---|---|---|---|
| সহযোগী অধ্যাপক (নিয়মিতকরন) | ০২ জন | সহকারী রেজিস্ট্রার (নিয়মিতকরন) | ০২ জন |
| সহযোগী অধ্যাপক (পদোন্নতি) | ০৬ জন | প্রভাষক (নিয়মিতকরন) | ১০ জন |
| সহকারী অধ্যাপক (নিয়মিতকরন) | ০৮ জন | প্রভাষক (নতুন নিয়োগ) | ০৬ জন |
| রেজিস্ট্রার (নিয়মিতকরন) | ০৩ জন | | |
| **মোট = ৩৭ (সাইত্রিশ) জন** | | | |

- তিনি আরো বলেন গত ১৩/০৭/২০১৯ ইং তারিখে অত্র কলেজের চেয়ারম্যান, অধ্যক্ষ এবং উপাধ্যক্ষ মহোদয়ের উপস্থিতিতে নিয়োগ বোর্ডের মাধ্যমে বিভিন্ন বিভাগে মোট ০৭ জন প্রভাষককে এ্যাডহক ভিত্তিতে নিয়োগ প্রদান করা হয়।

অদ্যকার সভায় সর্বসম্মতিক্রমে উপরোক্ত শিক্ষক-শিক্ষিকাবৃন্দের পদোন্নতি, নিয়োগ নিয়মিতকরণ ও এ্যাডহকভিত্তিতে নিয়োগের অনুমোদন দেয়া হয়।

**৪। ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে ভর্তি সম্পর্কিতঃ**

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য পূর্বের বছরের ন্যায় রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য মহোদয়ের নির্দেশনা অনুযায়ী অত্র কলেজে ০৬ সদস্য বিশিষ্ট ভর্তি কমিটি গঠনের অনুমোদন দেয়া

হয়। তবে এ বিষয়ে বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমএন্ডডিসি), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য অধিদপ্তর ও রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের কোন নতুন নির্দেশনা থাকলে তা মেনে চলতে হবে মর্মেও সিদ্ধান্ত গ্রহন করা হয়।

**৫। বিবিধ ঃ**

- অদ্যকার সভায় সদস্য সচিব মহোদয় বিএমএন্ডডিসি এর আলোকে তৈরী করা অত্র কলেজের অর্গানোগ্রাম উপস্থাপন করেন। উত্থাপিত অর্গানোগ্রামে মেডিসিন বিভাগের এ্যালাইড বিভাগ হিসাবে ফিজিক্যাল মেডিসিন বিভাগ সংযোজন করে অর্গ্রানোগ্রামটি অনুমোদন দেয়া হয়।
- অদ্যকার সভায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে গাজী মেডিকেল কলেজ কর্তৃক গৃহীত বর্ষব্যাপি অনুষ্ঠানসূচী ও বাজেট উপস্থাপন করা হয়। আগামী ১৭ মার্চ ২০২০ হতে ২৬ মার্চ ২০২১ পর্যন্ত "মুজিব বর্ষ" পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।
- একাডেমিক মানোন্নয়নের জন্য এই কোয়ার্টারে মোট সাবজেক্ট কো-অর্ডিনেশন সভা হয়েছে ০৪ টি, ফেজ কো-অর্ডিনেশন সভা-০২ টি, একাডেমিক কো-অর্ডিনেশন সভা ০১ টি, একাডেমিক কাউন্সিলের সভা ০১ টি, লেকচার সেশন অন ফ্যাকাল্টি ডেভেলপমেন্ট প্রোগ্রাম হয়েছে - ০৪ টি।
- বেসরকারি মেডিকেল কলেজ স্থাপন ও পরিচালন নীতিমালা ২০১১ এর ২.৪ ধারা অনুসারে কোন ব্যাক্তির নামে কলেজ প্রতিষ্ঠিত হলে মোট ০২ কোটি টাকার স্থায়ী আমানত থাকতে হবে। উক্ত ধারা অনুসারে গাজী মেডিকেল কলেজ ১৭.০৭.২০১১ তারিখ ১,০০,০০,০০০/- ডাচ-বাংলা ব্যাংক লি. -এ, উক্ত টাকার ৬৪,৪৫,৯০৬/- টাকা সুদ এবং ২৯.০৫.২০১৯ তারিখ ৩৬,০০,০০০/- ন্যাশনাল ক্রেডিট এ্যান্ড কমার্স ব্যাংক লি. -এ মোট ০২ কোটির টাকার অধিক স্থায়ী আমানত হিসাবে জমা আছে যার কপি উপস্থিত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি জনাব মোহাম্মদ মনিরুজ্জামান বকাউল, উপসচিব (চিকিৎসা শিক্ষা-১) এর মারফত পাঠানো হয় ।

পরিশেষে, সভাপতি মহোদয় অদ্যকার সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

অধ্যাপক ডাঃ হরিদাস বিশ্বাস
সদস্য সচিব, গভর্নিং বডি এবং
অধ্যক্ষ, গাজী মেডিকেল কলেজ

সম্মানিত সকল সদস্যবৃন্দের অবগতির জন্য রেজুলেশনের অনুলিপি প্রদান করা হলো।

অধ্যাপক ডাঃ হরিদাস বিশ্বাস
সদস্য সচিব, গভর্নিং বডি এবং
অধ্যক্ষ, গাজী মেডিকেল কলেজ

গভর্নিং বডির সদস্যবৃন্দের নাম, পদবী ও মোবাইল নম্বর নিম্নরুপ ঃ

| ক্র.নং | নাম | পদবী |
|---|---|---|
| ১ | জনাব ডাঃ গাজী মিজানুর রহমান | সভাপতি |
| ২ | জনাব অধ্যাপক ডাঃ হরিদাস বিশ্বাস | সদস্য সচিব |
| ৩ | জনাব মোহাম্মদ মনিরুজ্জামান বকাউল | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি |
| ৪ | জনাব ডাঃ শেখ মোঃ মনজুর রহমান | স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি |
| ৫ | জনাব ডাঃ বঙ্গ কমল বসু | শিক্ষক প্রতিনিধি |
| ৬ | জনাব ডাঃ রমেন্দ্র নাথ বিশ্বাস | শিক্ষক প্রতিনিধি |
| ৭ | জনাব মিসেস তানিয়া রহমান | দাতা ও প্রতিষ্ঠাতা সদস্য |
| ৮ | জনাব জাকিয়া সুলতানা | অভিভাবক প্রতিনিধি |
| ৯ | জনাব মোঃ কামরুল হাসান | অভিভাবক প্রতিনিধি |
| ১০ | জনাব অধ্যাপক ডাঃ ইয়াছিন আলী গাজী | বিদ্যোৎসাহী প্রতিনিধি |
| ১১ | জনাব ডাঃ কাজী মুজাহিদুল ইসলাম | বিদ্যোৎসাহী প্রতিনিধি |

